## রেজিস্ট্রার দপ্তর
# যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

যশোর-৭৪০৮
ফোনঃ ০৪২১-৬১৩৩৩, ফ্যাক্সঃ ০৪২১-৬১১৯৯

স্মারক নং-যবিপ্রবি/১১১৩/ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত/২০১২- তারিখঃ ১৭/০৯/২০১২ইং

# ভর্তি বিজ্ঞপ্তি

১। যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর-৭৪০৮ -এ ২০১২-২০১৩ শিক্ষাবর্ষে স্নাতক প্রকৌশল/সম্মান/বি.পি.এড (সম্মান) শ্রেণীতে ১ম সেমিস্টারে ভর্তির জন্য আবেদন আহবান করা যাচ্ছে। আবেদনকারীকে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.jstu.edu.bd তে প্রচারিত নিয়মাবলী অনুসারে ABC ইউনিটের জন্য মোবাইল অপারেটর টেলিটকে SMS করে সংশ্লিষ্ট ইউনিটে আবেদন করতে হবে এবং D ইউনিটের জন্য আবেদনপত্র ও প্রয়োজনীয় কাগজপত্র হাতে হাতে জমা দিতে হবে।

**আবেদন করার সময়সীমাঃ** আগামী ২২/০৯/২০১২ইং তারিখ ১২.০১ মিনিট থেকে ১০/১০/২০১২ইং তারিখ রাত ১২.০০টা পর্যন্ত আবেদন করা যাবে।

২। **ভর্তির আবেদনের যোগ্যতাঃ**

**ABC ইউনিটের জন্যঃ**

(ক) প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। বিদেশী/অনাবাসিক বাংলাদেশি (NRB) ছাত্র-ছাত্রীরাও ভর্তি হতে পারবে তবে তাদের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত টিউশন ফি দিতে হবে।

(খ) ২০১১ এবং ২০১২ সালে বিজ্ঞান/কৃষি বিজ্ঞান বিভাগ থেকে এইচএসসি/আলিম/এ লেভেল/ভোকেশনাল উত্তীর্ণ ছাত্র-ছাত্রীরাই কেবল ভর্তি পরীক্ষায় আবেদন করতে পারবে।

(গ) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (চতুর্থ বিষয়সহ) 'A' ও 'B' ইউনিটের জন্য আলাদা আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.৫ সহ মোট জিপিএ ৭.৫ এবং 'সি' ইউনিটের জন্য আলাদা আলাদাভাবে ন্যূনতম জিপিএ ৩.০০ সহ মোট জিপিএ ৭.০ পেতে হবে।

(ঘ) **জিসিই/ও লেভেল** এবং **এ লেভেল** প্রার্থীদের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য **জিসিই/ও লেভেল** পরীক্ষায় কমপক্ষে ৫টি বিষয়ে গড়ে বি গ্রেড এবং **এ লেভেল** পরীক্ষায় কমপক্ষে ৩টি বিষয়ে গড়ে বি গ্রেড পেয়ে পাস করতে হবে।

(ঙ) ২০১০ ও ২০১১ সালে পাসকৃত সংশ্লিষ্ট বিষয়ে বি গ্রেডসহ (৪.০ পয়েন্ট স্কেলে ৩.০) মোট ৬.৫ পয়েন্টপ্রাপ্ত ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং এ ডিগ্রিধারীগণ A ও C ইউনিটে ভর্তির আবেদন করতে পারবে।

(চ) ২০০৯ এর পূর্বে এসএসসি পাসকৃতদের হাতে হাতে আবেদনপত্র স্ব স্ব ইউনিটে জমা দিতে হবে।

**D ইউনিটের জন্যঃ**

(ক) প্রার্থীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। বিদেশী/অনাবাসিক বাংলাদেশি (NRB) ছাত্র-ছাত্রীরাও ভর্তি হতে পারবে তবে তাদের জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত টিউশন ফি দিতে হবে।

(খ) ২০১১ এবং ২০১২ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় পাসকৃত ছাত্র-ছাত্রীরাই শর্ত পূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে।

(গ) প্রার্থীদের বাংলাদেশের যে কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড/কারিগরী শিক্ষা বোর্ড থেকে যে কোন বিভাগে এসএসসি/সমমান এবং এইচএসসি/সমমান পরীক্ষায় গ্রেড পদ্ধতিতে ৫.০০ এর স্কেলে আলাদা আলাদাভাবে ন্যূনতম ২.৫ সহ সর্বোমোট ২টি পরীক্ষায় একত্রে সর্বমোট জিপিএ ৬.০ থাকতে হবে। বিদেশী শিক্ষা বোর্ড থেকে সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতুল্য গ্রেড পেয়ে পাস করতে হবে।

(ঘ) ও এবং এ লেভেল পাসকৃতদের জন্য ২(ঘ) এ বর্ণিত যোগ্যতা থাকতে হবে।

৩। **ভর্তি পরীক্ষার ফিঃ**

| | | | | |
|---|---|---|---|---|
| ক) | A ইউনিট | **বিভাগসমূহঃ** কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল (CSE), পেট্রোলিয়াম এন্ড মাইনিং ইঞ্জিনিয়ারিং (PME), ফলিত রসায়ন ও কেমিকৌশল (ACCE), ইন্ডাষ্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং (IPE), ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং (EEE) | **অত্যাবশ্যকীয়ঃ** এইচএসসি/সমমান পরীক্ষায় গণিতে অবশ্যই ন্যূনতম A থাকতে হবে। | ৫৫০/- |
| খ) | B ইউনিট | **বিভাগসমূহঃ** অনুজীব বিজ্ঞান (MB), ফিশারীজ এন্ড মেরিন বায়োসায়েন্স (FMB), জিন প্রকৌশল ও জীব প্রযুক্তি (GEBT), ফার্মেসী (PHAR) | **অত্যাবশ্যকীয়ঃ** এইচএসসি/সমমান পরীক্ষায় জীববিজ্ঞানে অবশ্যই ন্যূনতম A থাকতে হবে। | ৫০০/- |
| গ) | C ইউনিট | **বিভাগসমূহঃ** পুষ্টি ও খাদ্য প্রযুক্তি (NFT), পরিবেশ বিজ্ঞান ও স্বাস্থ্য ব্যবস্থাপনা (ESHM) | জীববিজ্ঞান/গণিতে ভর্তি পরীক্ষা দিতে হবে। | ৩৫০/- |
| ঘ) | D ইউনিট | বিভাগঃ শারীরিক শিক্ষা, ক্রীড়া ও সংস্কৃতি (PESC) | | ২৫০/- |

৪। **ভর্তি পরীক্ষার তারিখ ও সময়ঃ**

| C ইউনিট | D ইউনিট | A ইউনিট | B ইউনিট | ভর্তি পরীক্ষার স্থান |
|---|---|---|---|---|
| ১৬ নভেম্বর, ২০১২ শুক্রবার সকাল: ০৯.৩০-১০.৩০ | ১৬ নভেম্বর, ২০১২ শুক্রবার দুপুর: ১১.৩০-১২.৩০ | ১৭ নভেম্বর, ২০১২ শনিবার সকাল: ০৯.৩০-১০.৩০ | ১৭ নভেম্বর, ২০১২ শনিবার বিকেল: ০২.৩০-০৩.৩০ | যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ভবন এবং ক্যাম্পাসে নির্ধারিত অন্যান্য স্থানে। |

৫। **আসন সংখ্যাঃ**

| বিভাগ | ACCE | CSE | EEE | ESHM | FMB | GEBT | IPE | MB | NFT | PHAR | PME | PESC | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| আসন সংখ্যা | 40 | 40 | 30 | 40 | 40 | 40 | 35 | 40 | 35 | 35 | 35 | 30 | 440 |

৬। **ভর্তি পরীক্ষার বিষয়সমূহ ও নির্ধারিত নম্বরঃ**

ভর্তি পরীক্ষা MCQ পদ্ধতিতে হবে। A ইউনিটের জন্য ৮০ নম্বর (ইংরেজী= ১০, পদার্থ= ২৫, গণিত= ২৫, রসায়ন= ২০), B ইউনিটের জন্য ৮০ নম্বর (ইংরেজী= ১০, পদার্থ= ২০, জীববিজ্ঞান= ২৫, রসায়ন= ২৫), C ইউনিটের জন্য ৮০ নম্বর (ইংরেজী= ১০, পদার্থ= ২০, গণিত/জীববিজ্ঞান= ২৫, রসায়ন= ২৫) এর পরীক্ষা হবে এবং ছাত্র-ছাত্রীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত জিপিএ থেকে ২০ নম্বরসহ সর্বমোট ১০০ নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা হবে। D ইউনিটের জন্য ৫০ নম্বর (ইংরেজী= ১০, বাংলা= ১০, সাধারণ জ্ঞান= ৩০), ব্যবহারিক ৩০ নম্বর এর পরীক্ষা হবে এবং ছাত্র-ছাত্রীদের মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষায় প্রাপ্ত জিপিএ থেকে ১০ নম্বর ও খেলাধুলার সনদ এর ১০ নম্বরসহ সর্বমোট ১০০ নম্বরের ভিত্তিতে মূল্যায়ন করা হবে। **প্রশ্নপত্র বাংলায় হবে তবে যদি কোন পরীক্ষার্থী ইংরেজীতে প্রশ্নপত্র পেতে চায় তাহলে তাকে সংশ্লিষ্ট ইউনিটের আহবায়ক বরাবর ৩১/১০/১২ তারিখের মধ্যে আবেদন করতে হবে।**

৭। **A, B, C ইউনিটের ক্ষেত্রে:**

**ভর্তি পরীক্ষার আবেদন পক্রিয়া:** কোন ফরম পূরণ না করে ২২/০৯/২০১২ইং তারিখ ১২.০১ মিনিট থেকে ১০/১০/২০১২ইং তারিখ রাত ১২.০০টা পর্যন্ত SMS এর মাধ্যমে JSTU এ ভর্তি পরীক্ষার আবেদন করতে হবে।

ভর্তি পরীক্ষায় আবেদনের জন্য একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোন থেকে ১৬২২২ নম্বরে এসএমএস করতে হবে। তবে ভর্তি সংক্রান্ত অন্যান্য তথ্য যে কোন মোবাইল ফোনের মাধ্যমে ১৬২২২ নম্বরে এসএমএস করে জানা যাবে।

**মোবাইল ফোনের মাধ্যমে ভর্তির আবেদন প্রক্রিয়া নিচে দেয়া হলো:**

ক) একটি টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে JSTU লিখে, স্পেস দিয়ে এইচএসসি শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে এইচএসসি পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে এইচএসসি পাসের সাল, স্পেস দিয়ে এসএসসি শিক্ষা বোর্ডের নামের প্রথম তিনটি অক্ষর লিখে, স্পেস দিয়ে এসএসসি পরীক্ষার রোল নম্বর লিখে, স্পেস দিয়ে এসএসসি পাসের সাল লিখে, স্পেস দিয়ে কাঙ্খিত ইউনিটের কোড লিখে ১৬২২২ নম্বরে এসএমএস করতে হবে।

উদাহরণ: JSTU DHA 123456 2011 DHA 123456 2009 A । উদাহরণটি ঢাকা বোর্ডের এবং A ইউনিটের জন্য।

এখানে 123456 এর জায়গায় আবেদনকারী নিজের এইচএসসি এবং এসএসসি পরীক্ষার রোল নম্বর দিতে হবে। কেউ 2010 সালে এইচএসসি পাস করে থাকলে 2011 এর জায়গায় 2010 লিখতে হবে। অন্যান্য বোর্ডের জন্য লিখতে হবে বরিশাল (BAR), চট্টগ্রাম (CHI), কুমিল্লা (COM), দিনাজপুর (DIN), যশোর (JES), মাদরাসা (MAD), রাজশাহী (RAJ), সিলেট (SYL) & FOREIGN (OT).

খ) উপরের এসএমএস টি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি এসএমএস এ আবেদনকারীর নাম, ভর্তির ফী ও একটি PIN জানিয়ে সম্মতি চাওয়া হবে। তখন ১৬২২২ নম্বরে আরেকটি এসএমএস পাঠিয়ে সম্মতি জানাতে হবে। সম্মতি জানানোর জন্য প্রথমে JSTU লিখে, স্পেস দিয়ে YES লিখে, স্পেস দিয়ে PIN লিখে, স্পেস দিয়ে আবেদনকারীর যোগাযোগের জন্য নিজের ব্যবহৃত (যে কোন অপারেটর এর) একটি মোবাইল নম্বর লিখে ১৬২২২ নম্বরে এসএমএস করতে হবে।

উদাহরণ: JSTU YES 654321 01XXXXXXXXX । এখানে 654321 এর জায়গায় আবেদনকারীর নিজ PIN টি বসাতে হবে। উল্লেখ্য যে, সম্মতি জানিয়ে এসএমএস পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে ভর্তি পরীক্ষার ফী কেটে নেয়া হবে, অন্যথায় কোন ফী কাটা হবে না।

গ) আবেদনকারীর মোবাইলে পর্যাপ্ত পরিমাণ টাকা থাকলে তা থেকে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফী কেটে নিয়ে একটি এসএমএস এর মাধ্যমে সাথে সাথেই ভর্তি পরীক্ষার রোল নম্বর জানিয়ে দেয়া হবে। **ভর্তি পরীক্ষার সময় এইচএসসি পরীক্ষার প্রবেশপত্র, ছবিযুক্ত মূল নিবন্ধনপত্র ও তাদের একটি করে ফটোকপি এবং দুই কপি পাসপোর্ট সাইজের ছবির পিছনে ঐ রোল নম্বরটি লিখে নিয়ে আসতে হবে।**

ঘ) মুক্তিযোদ্ধার সন্তান কোটায় আবেদনকারীদের উপরের নিয়মের সাথে ইউনিট কোডের বারে স্পেস দিয়ে কোটার কোড FFQ, ওয়ার্ড কোটা (WQ), শারীরিক প্রতিবন্ধী কোটা (PDQ), উপজাতি/আদিবাসী কোটা (TQ) লিখে ১৬২২২ নম্বরে এসএমএস পাঠাতে হবে।

**A, B, C ইউনিটের ক্ষেত্রে লক্ষ্যণীয় বিষয়:**

ক) একটি টেলিটক মোবাইল ফোনের মাধ্যমে একাধিক আবেদন করা যাবে তবে আবেদনের দ্বিতীয় ধাপে সম্মতি জানানোর সময় যোগাযোগের জন্য আবেদনকারীর নিজের ব্যবহৃত (যে কোন অপারেটর এর) একটি মোবাইল ফোন নম্বর দেয়া ভালো।

খ) দিনের বা রাতের যে কোন সময় এমনকি বন্ধের দিনও আবেদন করা যাবে।

গ) একবার এসএমএস করে আবেদন করে ফেললে তা প্রত্যাহার করা যাবে না।

ঘ) ভর্তি পরীক্ষার দিন দুই কপি ছবি ছাড়া কাউকে ভর্তি পরীক্ষা দিতে দেয়া হবে না।

ঙ) ডিপ্লোমা ইঞ্জিনিয়ারগণ "A" ও "C" ইউনিটে আবেদন করতে পারবে। তবে এক্ষেত্রে সরাসরি সভাপতি বরাবর আবেদন করতে হবে।

চ) ও/এ লেভেলের ক্ষেত্রে আবেদনকারীকে সরাসরি সভাপতি বরাবর আবেদন করতে হবে।

৮। **D ইউনিটের ক্ষেত্রে:**

**আবেদন করার নিয়মাবলী নিম্নে উল্লেখ করা হলো:**

ক) ভর্তি পরীক্ষার আবেদনের জন্য প্রার্থীকে নিজ হাতে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনপত্র যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.jstu.edu.bd) অথবা বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা, ক্রীড়া ও সংস্কৃতি বিভাগ হতে সংগ্রহ করা যাবে।

খ) আবেদনপত্র এর সাথে সভাপতি, ভর্তি কমিটি (২০১২-১৩ সেশন), যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, অগ্রণী ব্যাংক এর অনুকূলে ২৫০/= টাকার ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মূলকপি সংযুক্ত করতে হবে।

গ) আবেদনপত্র ২২ সেপ্টেম্বর, ২০১২ইং থেকে ১০ অক্টোবর, ২০১২ইং পর্যন্ত অফিস বন্ধের দিন ব্যতীত সকাল ৯.০০টা হতে বিকাল ৫.০০টার মধ্যে শারীরিক শিক্ষা, ক্রীড়া ও সংস্কৃতি বিভাগ অফিসে জমা দিতে হবে।

**আবেদনপত্র এর সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি জমা দিতে হবে:**

ক) মাধ্যমিক বা সমমানের পরীক্ষা পাসের মূল/সাময়িক সনদপত্রের কপি।

খ) মাধ্যমিক বা সমমানের পরীক্ষার পাসের গ্রেড শীটের কপি।

গ) উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষার গ্রেড শীটের কপি।

ঘ) উচ্চ মাধ্যমিক বা সমমান পরীক্ষা পাসের শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্রের কপি।

ঙ) আন্তর্জাতিক, জাতীয় ও জুনিয়র ন্যাশনাল স্বীকৃত প্রাপ্তদের সনদপত্রের কপি।

চ) পাসপোর্ট সাইজের ছবি ২টি।

৯। ভর্তি পরীক্ষা সংক্রান্ত সকল তথ্যাবলী www.jstu.edu.bd ওয়েবসাইটে পাওয়া যাবে এবং অতিরিক্ত তথ্যের জন্য রেজিস্ট্রার, যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর দপ্তরে অথবা মোবাইল নম্বর: ০১৫৫২২০০৫৫৩, ০১৫৫২২০০৫৫৪, ০১৫৫২২০০৫৫৯-এ যোগাযোগ করে জানা যাবে।

**প্রকৌশলী মো: আহসান হাবীব**
রেজিস্ট্রার
যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর

জিডি-৩৬৭৭

---

# বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
## Bangladesh Forest Industries Development Corporation

বনশিল্প ভবন
৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা
(www.bfidc.info)

রাবার কাঠ শক্ত টেকসই ও উন্নতমানের।
আপনিও রাবার কাঠ ব্যবহার করুন।

স্মারক নং-সদ/সং/১৬-৩৮২(১)/২০১১/৯০৮ তারিখঃ ০৪ আশ্বিন ১৪১৯ / ১৯ সেপ্টেম্বর ২০১২

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশনের সদর দপ্তরসহ উহার নিয়ন্ত্রণাধীন বিভিন্ন শিল্প ইউনিট ও রাবার বাগানসমূহে নিম্নবর্ণিত শূন্য পদে অস্থায়ী ভিত্তিতে নিয়োগের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে নিম্নোক্ত শর্তে আবেদনপত্র আহবান করা যাইতেছেঃ

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতনস্কেল-২০০৯) | পদের সংখ্যা | যোগ্যতা |
|---|---|---|---|
| ১। | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল/তড়িৎ/যান্ত্রিক) ৮০০০-৪৫০X৭-১১১৫০-ইবি-৪৯০X১১-১৬৫৪০/- | ০৭ | ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং। |
| ২। | সহকারী হিসাব কর্মকর্তা ৬৪০০-৪১৫X৭-৯৩০৫-ইবি-৪৫০X১১-১৪২৫৫/- | ০৮ | এমকম অথবা তিন বছরের অভিজ্ঞতাসমেত বিকম ডিগ্রি। |
| ৩। | কম্পিউটার অপারেটর ৬৪০০-৪১৫X৭-৯৩০৫-ইবি-৪৫০X১১-১৪২৫৫/- | ২৮ | কমপক্ষে স্নাতক। বিজ্ঞান বিভাগের প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। কম্পিউটারে দক্ষতা নিরূপণ পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে। |
| ৪। | সহকারী মাঠ তত্ত্বাবধায়ক ৫৯০০-৩৮০X৭-৮৫৬০-ইবি-৪১৫X১১-১৩১২৫/- | ৩৪ | ২য় বিভাগে বিএসসি/বিএজি ডিগ্রি। |
| ৫। | ক্যাশিয়ার ৫৫০০-৩৪৫X৭-৭৯১৫-ইবি-৩৮০X১১-১২০৯৫/- | ১৩ | বিকম ডিগ্রি। অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৬। | উচ্চ বিভাগীয় সহকারী (প্রশাসন) ৫২০০-৩২০X৭-৭৪৪০-ইবি-৩৪৫X১১-১১২৩৫/- | ০১ | স্নাতক ডিগ্রিধারী, অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে। কম্পিউটার জানা আবশ্যক। |
| ৭। | উচ্চ বিভাগীয় সহকারী (হিসাব/নিরীক্ষা) ৫২০০-৩২০X৭-৭৪৪০-ইবি-৩৪৫X১১-১১২৩৫/- | ০৯ | বিকম ডিগ্রি। অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে। কম্পিউটার জানা আবশ্যক। |
| ৮। | নিরাপত্তা পরিদর্শক ৫২০০-৩২০X৭-৭৪৪০-ইবি-৩৪৫X১১-১১২৩৫/- | ০১ | এইচএসসিসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে তিন বছরের অভিজ্ঞতা অথবা এসএসসিসহ সামরিক বা পুলিশ বা অনুরূপ বাহিনীতে তিন বছরের অভিজ্ঞতা। |
| ৯। | কম্পাউন্ডার ৪৯০০-২৯০X৭-৬৯৩০-ইবি-৩২০X১১-১০৪৫০/- | ০৮ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ডিপ্লোমা সার্টিফিকেট। |
| ১০। | নিম্ন বিভাগীয় সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৪৭০০-২৬৫X৭-৬৫৫৫-ইবি-২৯০X১১-৯৭৪৫/- | ৩০ | ন্যূনতম এইচএসসি। কম্পিউটারে Word Processing/Data Entry ও Typing-এ প্রতি মিনিটে ইংরেজি ও বাংলায় যথাক্রমে সর্বনিম্ন ৩০ ও ২০ শব্দের গতিসম্পন্ন হইতে হইবে। অভিজ্ঞ ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১১। | নিম্ন বিভাগীয় সহকারী (হিসাব)-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ৪৭০০-২৬৫X৭-৬৫৫৫-ইবি-২৯০X১১-৯৭৪৫/- | ১৬ | ন্যূনতম এইচএসসি (বাণিজ্য)। কম্পিউটারে Word Processing/ Data Entry ও Typing-এ প্রতি মিনিটে ইংরেজি ও বাংলায় যথাক্রমে সর্বনিম্ন ৩০ ও ২০ শব্দের গতিসম্পন্ন হইতে হইবে। অভিজ্ঞ ব্যক্তিদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১২। | সহকারী ভান্ডার রক্ষক ৪৭০০-২৬৫X৭-৬৫৫৫-ইবি-২৯০X১১-৯৭৪৫/- | ০৩ | এইচএসসি পাস। |
| ১৩। | সার্ভেয়ার ৪৭০০-২৬৫X৭-৬৫৫৫-ইবি-২৯০X১১-৯৭৪৫/- | ০২ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ফিল্ডে সার্টিফিকেট প্রাপ্ত। |
| ১৪। | কার/জীপচালক ৪৭০০-২৬৫X৭-৬৫৫৫-ইবি-২৯০X১১-৯৭৪৫/- | ১৪ | ৮ম শ্রেণী পাস। গাড়ি চালানোর ড্রাইভিং লাইসেন্স থাকিতে হইবে। অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৫। | ফটোস্টেট মেশিন/গেস্টেনেটর অপারেটর ৪৪০০-২২০X৭-৫৯৪০-ইবি-২৪০X১১-৮৫৮০/- | ০৩ | সংশ্লিষ্ট লাইনে পূর্ব অভিজ্ঞতাসহ ৮ম শ্রেণী পাস। |
| ১৬। | নিরাপত্তা প্রহরী/কর্মী ৪২৫০-২১০X৭-৫৭২০-ইবি-২২০X১১-৭৭৪০/- | ১৬৫ | ৮ম শ্রেণী পাস। সামরিক বা পুলিশ বা অনুরূপ বাহিনীতে অভিজ্ঞতা থাকিলে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৭। | কুক/পাঁচক ৪১০০-১৯০X৭-৫৪৩০-ইবি-২১০X১১-৭৭৪০/- | ১২ | ৫ম শ্রেণী ও রন্ধন কাজে দক্ষতা। |
| ১৮। | এমএলএসএস ৪১০০-১৯০X৭-৫৪৩০-ইবি-২১০X১১-৭৭৪০/- | ৪৩ | ৮ম শ্রেণী পাস। |
| ১৯। | মালী ৪১০০-১৯০X৭-৫৪৩০-ইবি-২১০X১১-৭৭৪০/- | ১৪ | ৮ম শ্রেণী পাস। |
| ২০। | ভিস্তিওয়ালা ৪১০০-১৯০X৭-৫৪৩০-ইবি-২১০X১১-৭৭৪০/- | ১৮ | ৮ম শ্রেণী পাস। |
| ২১। | সুইপার/ঝাড়ুদার ৪১০০-১৯০X৭-৫৪৩০-ইবি-২১০X১১-৭৭৪০/- | ২১ | ৮ম শ্রেণী পাস। |
| | সর্বমোট = | ৪৫০ | |

১। এতদসংক্রান্ত বর্ণিত নির্ধারিত ফরমে প্রার্থীর স্বাক্ষরযুক্ত দরখাস্ত সচিব, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, বনশিল্প ভবন, ৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ বরাবরে আগামী ২১-১০-২০১২ তারিখের মধ্যে ডাকযোগে অফিস চলাকালীন সময়ে পৌছাইতে হইবে। নির্ধারিত সময়সীমার পর প্রাপ্ত দরখাস্ত বাতিল বলিয়া গণ্য হইবে। সরাসরি কোন দরখাস্ত গ্রহণ করা হইবে না।

২। প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্রসহ সত্যায়িত সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি ছবি, শিক্ষাগত যোগ্যতার সনদ, জন্ম সনদ, জাতীয় পরিচয়পত্র (যদি থাকে), অভিজ্ঞতা সনদ (যদি থাকে), ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র দরখাস্তের সহিত দাখিল করিতে হইবে।

৩। উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত উপজাতীয় পরিচয় বিষয়ক প্রত্যয়নপত্র (সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রতিস্বাক্ষরিত) দরখাস্তের সহিত দাখিল করিতে হইবে।

৪। ৩১-০৮-২০১২ তারিখে প্রার্থীর বয়স ১৮ থেকে ৩০ বৎসরের মধ্যে হইতে হইবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সন্তান/নাতী-নাতনীদের ক্ষেত্রে বয়সের উর্ধ্বসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে অভিজ্ঞ প্রার্থীদের জন্য বয়স শিথিলযোগ্য। বয়স নিরূপণের ক্ষেত্রে অ্যাফিডেভিট কোন ক্রমেই গ্রহণযোগ্য হইবে না।

৫। (ক) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতী-নাতনী হিসাবে চাকুরী প্রার্থীকে আবেদনপত্রের সহিত মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক স্বাক্ষরিত ও বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদের উপদেষ্টা, মাননীয় প্রধানমন্ত্রী/প্রধান উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল সনদপত্রের সত্যায়িত কপি অথবা মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সচিব কর্তৃক স্বাক্ষরিত এবং মাননীয় মন্ত্রী/উপদেষ্টা কর্তৃক প্রতিস্বাক্ষরিত সাময়িক সনদপত্রের ছায়ালিপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) আবেদনপত্রের সহিত সংযুক্ত করিতে হইবে। এরূপ সনদপত্র ব্যতীত অন্য কোন সনদপত্র মুক্তিযোদ্ধা সনদপত্র হিসাবে গ্রহণযোগ্য হইবে না।
(খ) প্রার্থীর সহিত মুক্তিযোদ্ধার সম্পর্ক উল্লেখপূর্বক ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত ১ (এক) কপি প্রত্যয়নপত্র দাখিল করিতে হইবে।

৬। সরকারি, আধা-সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করিতে হইবে।

৭। দরখাস্তের সহিত সচিব, বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন, বনশিল্প ভবন, ৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ এর অনুকূলে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা মূল্যমানের অফেরতযোগ্য যে কোন সিডিউল ব্যাংক হইতে পে-অর্ডার/পোস্টাল অর্ডার দরখাস্তের সহিত সংযুক্ত করিতে হইবে।

৮। প্রার্থীর পত্র যোগাযোগের ঠিকানাসহ ৫.০০ (পাঁচ) টাকার অব্যবহৃত ডাকটিকেট সম্বলিত ৯"X৪" সাইজের একটি খাম দরখাস্তের সহিত সংযুক্ত করিতে হইবে।

৯। ইতোপূর্বে যাহারা আবেদন করিয়াছেন তাহাদের নতুন করিয়া আবেদন করার প্রয়োজন নাই।

১০। নিয়োগের ক্ষেত্রে সরকারি নীতিমালা ও বশিউক, কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৮৯ অনুসৃত হইবে।

১১। নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীগণকে বশিউক, কর্মচারী চাকুরী প্রবিধানমালা-১৯৮৯ এর বিধি অনুযায়ী কমপক্ষে ৬ (ছয়) মাস শিক্ষানবিস থাকিতে হইবে।

১২। কোন ব্যক্তিকে কোন পদে স্থায়ী করা হইবে না, যদি না তিনি সন্তোষজনকভাবে শিক্ষানবিসি মেয়াদ সমাপ্ত করিয়া থাকেন এবং বোর্ড কর্তৃক সময় সময় নির্ধারিত বিভাগীয় পরীক্ষায় (যদি থাকে) পাস করেন এবং নির্ধারিত প্রশিক্ষণ (যদি থাকে) গ্রহণ করিয়া থাকেন।

১৩। খামের উপর স্পষ্ট অক্ষরে পদের নাম ও আবেদনকারীর নিজ জেলার নাম উল্লেখ করিতে হইবে।

১৪। অসম্পূর্ণ, ভুল/মিথ্যা তথ্যপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

১৫। প্রার্থী কর্তৃক দাখিলকৃত/প্রদত্ত কোন তথ্য বা কাগজপত্র নিয়োগ কার্যক্রম চলাকালে বা যে কোন পর্যায়ে বা নিয়োগ প্রাপ্তির পরেও অসত্য/ভুয়া প্রমাণিত হইলে তাঁহার দরখাস্ত/নির্বাচন/নিয়োগ বাতিল করা হইবে।

১৬। লিখিত পরীক্ষা, মৌখিক সাক্ষাৎকার ও ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হইবে না।

১৭। এতদসঙ্গে বর্ণিত শূন্য পদের সংখ্যা কম/বেশী হইতে পারে।

১৮। কর্তৃপক্ষ প্রয়োজনে উক্ত নিয়োগ বিজ্ঞপ্তি আংশিক/সম্পূর্ণ পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বাতিল করিবার অধিকার সংরক্ষণ করে।

১৯। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।

২০। দরখাস্তের নমুনাঃ

পদের নামঃ ........................................................ নিজ জেলাঃ ........................................................

বরাবর
সচিব
বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা
বনশিল্প ভবন
ঢাকা-১০০০

বিষয়ঃ ................................................ পদে নিয়োগের জন্য আবেদন।

১। আবেদনকারীর নাম ঃ
২। পিতা/স্বামীর নাম ঃ
৩। মাতার নাম ঃ
৪। স্থায়ী ঠিকানা ঃ
৫। বর্তমান ঠিকানা ঃ
৬। জন্ম তারিখ ঃ
(এসএসসি বা সমমান পরীক্ষার সনদ অনুযায়ী)
৭। বয়স ঃ ................ বৎসর ..........................মাস ...................... দিন (৩১-০৮-২০১২খ্রিঃ তারিখে)
৮। শিক্ষাগত যোগ্যতা ঃ

| পরীক্ষার নাম | পরীক্ষার সন | বোর্ডের নাম | বিভাগ/শ্রেণী/জিপিএ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

৯। জাতীয়তা ঃ
১০। ধর্ম ঃ
১১। বৈবাহিক অবস্থা ঃ
১২। কোটা ঃ আবেদনকারী কোন বিশেষ কোটায় দাবীদার হলে কোটার নামঃ ................................................
১৩। চাকুরীরত প্রার্থী হলে নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানাঃ ................................................
১৪। অভিজ্ঞতা ঃ অভিজ্ঞতার বিবরণ (যদি থাকে) ................................................
................................................
১৫। সংযুক্ত পে-অর্ডার /পোস্টাল অর্ডার নম্বর ঃ ................................. তারিখ............................. ব্যাংক/ডাকঘরের নাম..............................
শাখা ............................টাকার পরিমাণ (অংকে)........................ কথায়..............................................
১৬। জাতীয় পরিচয়পত্র নম্বর (যদি থাকে)ঃ ................................................

প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি মোতাবেক তথ্য ও প্রমাণাদির ফটোকপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) আবেদনপত্রের সাথে সংযুক্ত করা হলো।

সংযুক্তিঃ মোট ............................ পাতা আবেদনকারীর স্বাক্ষর ঃ ................................................
আবেদনের তারিখঃ ................................................ পূর্ণ নাম ঃ ................................................

**মোঃ মাহবুবুর রহমান**
সচিব
বাংলাদেশ বনশিল্প উন্নয়ন কর্পোরেশন
৭৩, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

বশিউক/জন-১০৮/২০১২
জিডি-৩৬৪৭